

সম্পাদকীয়:

করোনাভাইরাসের ভয়কে জয় করে সুজন-এর যে বন্ধুরা তৎপর রয়েছেন বিভিন্ন কর্মকাণ্ডে, করোনাযোদ্ধা সেই বন্ধুদের গল্পগাঁথা নিয়ে ধারাবাহিকভাবে প্রকাশিত হচ্ছে ই-নিউজ লেটার। এ সংখ্যাতেও থাকছে তেমনি কিছু গল্পগাঁথা।

রংপুরে শপিংমল, মার্কেট ও দোকানপাট বন্ধের দাবিতে সংবাদ সম্মেলন



গত ১৯ মে ২০২০ রংপুরে নিত্য প্রয়োজনীয় জিনিস পত্রের দোকান ছাড়া অন্যান্য শপিং মল, মার্কেট ও দোকান পাট বন্ধের দাবিতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সুজন-সুশাসনের জন্য নাগরিক, সচেতন নাগরিক কমিটি (সনাক), মাপা, হিউমান রাইটস ডিফেন্ডারস ফোরাম, বাংলার চোখ, করোনা প্রতিরোধ নাগরিক কমিটির আয়োজনে রংপুরে স্থানীয় সুমি কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন সুজন- কেন্দ্রীয় কমিটির সদস্য ও রংপুর জেলা কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা আকবর হোসেন, রংপুর মহানগর কমিটির সভাপতি ও করোনা প্রতিরোধ নাগরিক কমিটির আহবায়ক খন্দকার ফখরুল আনাম বেঞ্জু, সনাক সভাপতি মুক্তিযোদ্ধা সদরুল আলম দুলা, হিউমান রাইটস ডিফেন্ডারস ফোরাম এর সভাপতি মোশফেকা রাজ্জাক, মাপা সভাপতি এডভোকেট মুনীর চৌধুরী, বাংলার চোখ এর সভাপতি তানভীর হোসেন আশরাফী। বক্তারা বলেন গত ১০ মে ২০২০ থেকে সরকারি নির্দেশনা মোতাবেক রংপুরে শপিং মল, মার্কেট ও দোকান পাট খোলা হয়েছে কিন্তু এক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে চলা হচ্ছে না, প্রচুর ভিড় পরিলক্ষিত হচ্ছে। রংপুর সিটি কর্পোরেশন এলাকায় আশংকাজনক হারে করোনা রোগী বেড়েই চলেছে। এই পরিস্থিতি মোকাবেলার জন্য বক্তারা প্রশাসনের প্রতি নিত্য প্রয়োজনীয় পণ্যের দোকান ছাড়া সকল দোকান ও মার্কেট বন্ধের দাবি জানান। সেই সাথে বক্তারা বন্ধ হওয়া প্রতিষ্ঠানের কর্মচারীরা যাতে সমস্যায় না পড়েন তাই তাদের তালিকা করে সাহায্য প্রদানের জন্য জেলা প্রশাসনের প্রতি আহবান জানান।

একই দাবিতে সুজন এর উদ্যোগে রংপুরে গড়ে উঠা করোনা প্রতিরোধে নাগরিক কমিটির পক্ষ থেকে গত ১৪ মে ২০২০-এ, জেলা প্রশাসক, রংপুর ও ১৭ মে ২০২০-এ, কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ কে স্মারকলিপি প্রদান করা হয়। এ সময় উপস্থিত ছিলেন সুজন- কেন্দ্রীয় কমিটির সদস্য ও রংপুর জেলা কমিটির সভাপতি মুক্তিযোদ্ধা আকবর হোসেন, রংপুর মহানগর কমিটির সভাপতি ও করোনা প্রতিরোধ নাগরিক কমিটির আহবায়ক খন্দকার ফখরুল আনাম বেঞ্জু, মহানগর কমিটির সদস্য ও করোনা প্রতিরোধ নাগরিক কমিটির সদস্য সচিব এডভোকেট বেলাল আহমেদ।

সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটির উদ্যোগে খাদ্যসামগ্রী বিতরণ

সুজন-মুন্সীগঞ্জ জেলা কমিটির উদ্যোগে করোনাভাইরাসের প্রভাবে অর্থনৈতিকভাবে বিপর্যস্ত মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

গত ১৯ মে ২০২০-এ মুন্সীগঞ্জ জেলা কমিটির সভাপতি ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম ও সাধারণ সম্পাদক এডভোকেট জানে আলম প্রিন্সের উদ্যোগে মুন্সীগঞ্জ সদরের ৩৫টি দরিদ্র পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়। পাশাপাশি ত্রাণ গ্রহণে অনভ্যস্ত ১০টি পরিবারে রাতের আঁধারে অত্যন্ত গোপনে বাড়ি বাড়ি গিয়ে খাদ্যসামগ্রী দিয়ে আসা হয়। খাদ্যসামগ্রীর মধ্যে ছিল পরিবারপ্রতি ৫ কেজি চাল, ২ লিটার তেল, ১ কেজি ডাল, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি চিনি ও ১ প্যাকেট সেমাই। সাথে ছিল ২টি করে স্যাভলন সাবান।



হবিগঞ্জে গুরুত্বপূর্ণ দপ্তরসমূহে জীবাণুমুক্তকরণ কার্যক্রম



করোনা ভাইরাস প্রতিরোধে সুজন-হবিগঞ্জ পৌর কমিটির উদ্যোগে ২৪ এপ্রিল ২০২০ তারিখে হবিগঞ্জ সিভিল সার্জানের কার্যালয়, সদর হাসপাতাল, জেলা পরিষদ ভবন, সদর থানা, সার্কিট হাউজ রোডসহ শহরের অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে জীবাণুনাশক স্প্রে করা হয়। সুজন-হবিগঞ্জ জেলা কমিটির সাধারণ সম্পাদক চৌধুরী মিসবাহুল বারী লিটন এই কার্যক্রমের উদ্বোধন করেন। কর্মসূচিতে আরো উপস্থিত ছিলেন সচেতন নাগরিক কমিটির সদস্য সচিব ফরহাদ আহমেদ চৌধুরী, জনাব মীর দুলাল, সুজন-পৌর কমিটির সভাপতি তোফাজ্জল হোসেন, সহসাধারণ সম্পাদক আজিজুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মহসিন আহমেদ প্রমুখ।